# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩০

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫৭. হাট-বাজারে প্রবেশকালে যা বলবে

باب مَا يَقُولُ إِذَا دَخَلَ السُّوقَ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا أَزْهَرُ بْنُ سِنَانٍ عَنْ مُحَمَّدِ بْنِ وَاسِعٍ قَالَ قَدِمْتُ مَكَّةَ فَلَقِيتُ بِهَا أَخِي سَالِمَ بْنَ عَبْدِ اللَّهِ فَحَدَّثَنِي عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ دَخَلَ السُّوقَ فَقَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُوَ حَيٌّ لَا يَمُوتُ بِيَدِهِ الْخَيْرُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ كَتَبَ اللَّهُ لَهُ أَلْفَ أَلْفِ حَسَنَةٍ وَمَحَا عَنْهُ أَلْفَ أَلْفِ سَيِّئَةٍ وَرَفَعَ لَهُ أَلْفَ أَلْفِ دَرَجَةٍ قَالَ فَقَدِمْتُ خُرَاسَانَ فَلَقِيتُ قُتَيْبَةَ بْنَ مُسْلِمٍ فَقُلْتُ إِنِّي أَتَيْتُكَ بِهَدِيَّةٍ فَحَدَّثْتُهُ فَكَانَ يَرْكَبُ فِي مَوْكِبِهِ فَيَأْتِي السُّوقَ فَيَقُومُ فَيَقُولُهَا ثُمَّ يَرْجِعُ

বাংলা

২৭৩০. সালিম ইবনু আবদুল্লাহ ইবনু উমার তার পিতার সূত্রে তার পিতামহ উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “কেউ যদি বাজারে প্রবেশ করে এই দু’আটি পাঠ করে: “’লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকা লাহু লাহুল মুলকু ওয়া লাহুল হামদু, ইউহয়ী ওয়া ইইমিতু ওয়াহুয়া হাইয়্যু লা ইয়ামুতু বিইয়াদিহিল খাইর, ওয়া হুয়া আলা কুল্লি শাইয়্যিন ক্বদীর” (অর্থ: ’এক আল্লাহ্ ব্যতীত প্রকৃত কোন ইলাহ নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই। রাজ্য তাঁরই। যাবতীয় প্রশংসা তাঁরই। তিনিই জীবিত করেন, এবং তিনিই মৃত্যু দেন, তিনি চিরঞ্জীব, তিনি কখনো মৃত্যুবরণ করেন না, সকল কল্যাণ তাঁরই হাতে, তিনিই সব কিছুর উপরে শক্তিমান’) তবে আল্লাহ তা’আলা তার জন্য দশ লক্ষ সাওয়াব লিখবেন, দশ লক্ষ গুনাহ মাফ করে দিবেন এবং তার দশ লক্ষ মর্যাদা বুলন্দ করে দিবেন।”[1] তিনি বলেন, আমি খুরাসানে কুতাইবা ইবনু মুসলিমের সাক্ষাতে গিয়ে তাকে বললাম, আমি আপনার জন্য একটি হাদিয়া নিয়ে এসেছি, এ বলে আমি তাকে হাদীসটি বর্ণনা করলাম। এরপর থেকে তার বাহনে আরোহী হয়ে তিনি বাজারে আসতেন, এরপর দাঁড়িয়ে এ দু’আটি বলতেন এরপর সেখান থেকে ফিরে যেতেন।

## ফুটনোট

[1] তাহক্কীক্ব: এর সনদ যয়ীফ, আযহার বিন সিনান এর দুর্বলতার কারণে।

তাখরীজ: তিরমিযী, দাওয়াত ৩৪২৪; ইবনু মাজাহ, তিজারাত ২২৩৫; ইবনুস সুন্নী, আমলূল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ১৮২; বাযযার, বাহরুয যুখার নং ১২৪, ১২৫; ১২৬ যয়ীফ সনদে; আবী হাতিম, ইলাল নং ২০৩৮; হাকিম ১/৫৩৯; আবূ নুয়াইম, যিকরু আখবারিল আসবাহান ২/১৮০, হিলইয়া ৮/২৮০; আবীশ শাইখ, তাবাকাতুল মুহাদ্দিসীন বিআসবাহান ২/১৭৪ নং ১৮৫; ইবনু আদী, আল কামিল ৫/১৭৮৬; দাওলাবী, আল কুন্নী ১/১২৯; তাবারাণী, কাবীর ১২/৩০০ নং ১৩১৭৫।

হাকিম বলেন, এ বাবে জাবির, আবী হুরাইরা, বুরাইদা আল আসলামী ও আনাস রাদ্বিয়াল্লাহু আনহুম আজমাঈন হতে হাদীস বর্ণিত আছে।’

...........

মুনযিরী তারগীব ২/৫৩১ এ বলেন, এর সনদ মুত্তাসিল হাসান। নির্ভরযোগ্য ছিকাহ রাবী হতে বর্ণিত। আর আযহার ইবনু সিনান সম্পর্কে ইবনু আদী বলেন, আমি আশা করি তার ব্যাপারে ‘কোনো দোষ নেই’...।

আর আমরা আগের পরের আলোচনা থেকে এ কথা বলতে পারি যে, হাদীসটি তার অনেকগুলি সনদ ও শাহিদ থাকার কারণে হাসান হবে। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালিম ইবনু ‘আবদুল্লাহ্‌ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন